

বিজিএ/কাস/২০২৩/২৬১

১৩ নভেম্বর, ২০২৩

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয় : রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের রপ্তানির বিপরীতে প্রদত্ত নগদ সহায়তার আবেদন দ্রুত প্রক্রিয়াকরণ প্রসঙ্গে।

সূত্রঃ এফইপিডি (রপ্তানি-নীতি)২৯১/২০২৩-৬০৮৯, তারিখঃ ০৯/১১/২০২৩ইং

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।


উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। বিজিএমইএ'র ব্যবস্থাপনা পরিষদের দাবীর প্রেক্ষিতে রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের রপ্তানির বিপরীতে প্রদত্ত নগদ সহায়তার প্রক্রিয়াধীন/অনিষ্পন্ন কেসগুলো দ্রুততার সাথে নিষ্পত্তির জন্য বাংলাদেশ ব্যাংক সূত্রোক্ত সার্কুলার মারফত অনুমোদিত ডিলার ব্যাংক ও নিরীক্ষা ফার্মের অনুকূলে নির্দেশনা জারী করেছে।

উল্লেখ্য পোশাক শিল্প প্রতিষ্ঠানের অনিষ্পন্ন কেসগুলো দ্রুত সময়ে নিষ্পত্তির লক্ষ্যে অর্থ মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংককে পর্যাপ্ত ফান্ড সরবরাহের জন্য বিজিএমইএ কর্তৃক বিশেষভাবে অনুরোধ করায় নভেম্বর ২০২৩ মাসের মধ্যে একটি বড় অংকের অর্থ ছাড়করণ করা হবে মর্মে জানা গেছে। এমতাবস্থায়, আপনাদের নগদ সহায়তার কেসগুলো দ্রুত প্রস্তুত ও তদারকি করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আশা করি নগদ সহায়তার প্রক্রিয়াধীন/অনিষ্পন্ন কেসগুলো দ্রুত নিষ্পত্তি করে নগদ সহায়তার অর্থ পেয়ে তৈরি পোশাক রপ্তানিকারকগণ উপকৃত হবেন।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত নির্দেশনাটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,



ফারুক হাসান
সভাপতি

সংযুক্তিঃ বর্ণনামতে।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশী তৈরি •



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।



স্মৃতি নং : এফইপিডি(রপ্তানি নীতি)২৯১/২০২৩-৬০৮৯

ব্যবস্থাপনা পরিচালক
বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলারের প্রধান কার্যালয়।

প্রিয় মহোদয়,

রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের রপ্তানির বিপরীতে প্রদত্ত নগদ সহায়তার আবেদন দ্রুত প্রক্রিয়াকরণ প্রসঙ্গে।
শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। প্রচলিত বিধিবিধান অনুযায়ী নগদ সহায়তার দাখিলকৃত আবেদনের ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্য/দলিলাদিতে কোনো ত্রুটি/অসম্পূর্ণতা থাকলে সে বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক শাখা ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে আবেদনকারী প্রতিষ্ঠানকে অবহিত করবে; অন্যথায় নিরীক্ষা ফার্মের নিকট প্রেরণ করবে। প্রসঙ্গত: সাকুলার পত্র নং-এফইপিডি(কম)২৯১/২০০২-১৩৬৭, তারিখ-০২/০৬/২০০২ এ নিরীক্ষা ফর্ম ০৭ (সাত) দিনের মধ্যে নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করবে মর্মে নির্দেশনা জ্ঞাপিত রয়েছে। অনুমোদিত ডিলার ব্যাংক ও নিরীক্ষা ফার্মের নিকট নগদ সহায়তার প্রক্রিয়াধীন/অনিষ্পন্ন কেসগুলো দ্রুততার সাথে নিষ্পত্তির জন্য বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশনের পক্ষ থেকে অনুরোধ করা হয়েছে।

অনুমোদিত ডিলার ব্যাংক ও নিরীক্ষা ফার্মের নিকট প্রক্রিয়াধীন/অনিষ্পন্ন কেসগুলো বিধিবদ্ধ সময়ের মধ্যে নিষ্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(উত্তম পাল)

উপপরিচালক

ফোন : +৮৮০-২৫৫৬৬৫০০১-২০/২২৩৬৯

Email : uttam.paul@bb.org.bd

Kawzar
6/11/2023